

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

২৯ ফাল্গুন, ১৪২৪

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬- ১ ৬

তারিখঃ.....

১৩ মার্চ, ২০১৮

পরিপত্র

বিষয়: সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালায় কতিপয় পরিবর্তন।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শ্রেণি নির্বিশেষে সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালায় নিম্নরূপ সংশোধন/পরিবর্তন করা হলো:

১. গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌঁছানোর জন্য বিলম্বিত সময় ১ বছরের পরিবর্তে ৩ মাস নির্ধারণ করা হলো। অর্থাৎ অনুবেদনাধীন কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ জানুয়ারি এবং বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুবেদনকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ২৮ বা ২৯ ফেব্রুয়ারি এবং বিলম্বিত সময় ৩০ এপ্রিল, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ মার্চ এবং বিলম্বিত সময় ৩১ মে। বিলম্বিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. মাতৃভজনিত ছুটিকালীন গোপনীয় অনুবেদন প্রযোজ্য নয়। এ ছুটির বিষয়টি সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

৩. বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে বিরূপ মন্তব্য প্রদানকারী কর্মকর্তা কর্তৃক গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণপূর্বক অনুবেদনাধীন কর্মকর্তাকে অবশ্যই মৌখিক ও লিখিতভাবে সতর্ক করতে হবে এবং সংশ্লিষ্ট ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অনুলিপি প্রেরণপূর্বক অবহিত করতে হবে। বিধি মোতাবেক এরূপ পত্র জারি নিশ্চিত করতে হবে।

৪. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


শেলিনা খানম

উপসচিব

ফোন- ৯৫৫০৩৯৩

cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার,..... বিভাগ।
৫. মহাপরিচালক,.....।
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. জেলা প্রশাসক,.....।
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
(সংস্থাপন বিভাগ)

নম্বর- ৬৫৩০

তারিখ: ০৬ ফাল্গুন ২৪২৪
২০ মার্চ ২০১৮

বিতরণ (অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নিয়ন্ত্রক (অডিট) বিএডিসি, ঢাকা।
২. মহাব্যবস্থাপক (বীজ/সারব্যবস্থাপনা/উদ্যান/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত) বিএডিসি, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/নির্মাণ/সওকা) বিএডিসি, ঢাকা।
৪. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৫. প্রধান (মনিটরিং) বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রধান (পরিকল্পনা) বিএডিসি, ঢাকা।
৭. যুগ্মসচিব (সংস্থাপন/নিওক/সওব্য/সাঃপঃ) বিএডিসি, ঢাকা।
৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপসচিব (সমন্বয়/আইন) বিএডিসি, ঢাকা।
১১. চেয়ারম্যান, বিএডিসি এর একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/অর্থ/বীজ ও উদ্যান/ক্ষুদ্রসেচ)/সচিব এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা বিএডিসি, ঢাকা।
১৩. অফিস কপি/মাস্টার ফাইল।

আওতাধীন বিভাগ ও মাঠ
পর্যায়ের দপ্তরসমূহে উপযুক্ত
নির্দেশনা অবহিতসহ
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
করার জন্য অনুরোধ করা
হলো।

(মোঃ রিয়াজুল ইসলাম)
উপসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর- ৯৫৫৫৭১১
e-mail: establishment@badc.gov.bd